

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
নীতি ও সংগঠন শাখা
ঢাকা

নং-এডি-পিএন্ডও-৯৫৮/২০১৮

তারিখঃ ২৭ ডিসেম্বর ২০১৭

প্রেরক : শাহ মোঃ আশরাফুল আলম মোহন
সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)

প্রাপক : জনাব মোঃ আশফাক হোসেইন
সহকারী সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

নির্দেশিত হয়ে “Australia Awards Scholarship 2018” এর আওতায় অস্ট্রেলিয়ার University of Sydney-তে “Master Program in Public Policy” শীর্ষক কোর্স সম্পন্ন করার জন্য আপনার অনুকূলে আগামী ১১ জানুয়ারি ২০১৮ হতে ২০ ডিসেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত (ভ্রমণ সময় ব্যতীত) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রেষণ মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত মঞ্জুরি আদেশের শর্তাবলী নিম্নরূপঃ

- ক) প্রেষণকালীন সময় আপনি মন্ত্রণালয়ে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য করা হবে মর্মে আপনি বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় পাবেন না।
- খ) যাতায়াতের বিমান ভাড়াসহ যাবতীয় ব্যয় বৃত্তি প্রদানকারী কর্তৃপক্ষ বহন করবে।
- গ) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশ অবস্থান করতে পারবেন না।
- ঘ) কোর্স সমাপনান্তে দেশে ফিরে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে নির্ধারিত ফরমে প্রতিবেদন দাখিল করবেন। যথাসময়ে উক্ত প্রতিবেদন না পাওয়া গেলে ভ্রমণের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করেছেন গণ্য করে আপনার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা যাবে।
- ঙ) উক্ত উচ্চ শিক্ষা সমাপনান্তে দেশে প্রত্যাবর্তনের পর পুনরায় বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার জন্য মনোনয়ন প্রাপ্তির পূর্বে আপনাকে ০৪ (চার) বছর মেয়াদের চাকরি পূরণ করতে হবে, তবে শুধু ডক্টরেট এবং পোস্ট ডক্টরেট রিসার্চের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য হবে না।
- চ) উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য আপনি আগামী ১১ জানুয়ারি ২০১৮ তারিখ বা এর নিকটবর্তী সময় ঢাকা ত্যাগ করবেন এবং কোর্স শেষে ২০ ডিসেম্বর ২০১৯ তারিখ বা এর নিকটবর্তী সময় ঢাকার উদ্দেশ্যে রওনা হবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরি আদেশ জারি করা হলো।

Amd/Amr 27/12/17

(শাহ মোঃ আশরাফুল আলম মোহন)
সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)
ফোনঃ ৯৫৫৫৩২০

নং- এডি-পিএন্ডও-৯৫৮/২০১৮

তারিখঃ ২৭ ডিসেম্বর ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিঃ সহকারী সচিব/সহকারী সচিব (পিএন্ডও/সংস্থাপন-১/এস.এস.এ/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইমিগ্রেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৬। বাংলাদেশ হাইকমিশন, ক্যানবেরা, অস্ট্রেলিয়া।
- ৭। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি।

Amd/Amr 27/12/17

(শাহ মোঃ আশরাফুল আলম মোহন)
সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)
ফোনঃ ৯৫৫৫৩২০